**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 21-05-24** **Desk in Charge :**

**Time : 7-35 AM** **Compiling :**

**Morning /Day /Evening** **National/ Regional/ General**

**Opening Announcement – আকাশবাণী / খবর পড়ছি –**

বিশেষ বিশেষ খবর –

১/ লোকসভা নির্বাচনের পঞ্চম দফায় দেশের ৪৯ টি আসনে শেষ খবর পাওয়া পর্যন্ত গড়ে ভোট পড়েছে ৬০ দশমিক ৪/৮ শতাংশ। # রাজ্যে সব থেকে বেশী ভোট পড়েছে আরামবাগে।

২/ নির্বাচন কমিশন, পশ্চিম মেদিনীপুরের পুলিশ সুপার ধৃতিমান সরকারকে সরিয়ে দিয়েছে।

৩/ রামকৃষ্ণ মিশন ও হিন্দু সাধু সন্ন্যাসীদের নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির সাম্প্রতিক মন্তব্যকে ঘিরে, রাজনৈতিক চাপান-উতোর তুঙ্গে।

৪/ জলপাইগুড়ির শিশু পাচার কান্ডের মূল অভিযুক্ত 'নর্থ বেঙ্গল পিপলস ডেভেলপমেন্ট সেন্টারে'র চেয়ারপার্সন চন্দনা চক্রবর্তী জামিন পেয়েছেন।

৫/ গাঙ্গেয় পশ্চিমবঙ্গ ও পার্শ্ববর্তী এলাকায় সৃষ্ট ঘূর্ণাবর্তের প্রভাবে রাজ্যের সর্বত্রই ঝড়-বৃষ্টির অনুকূল পরিবেশ তৈরী হয়েছে।

৬/ IPL ক্রিকেটে আজ 'প্লে অফ' পর্বের ম্যাচ শুরু হচ্ছে। আমেদাবাদে কলকাতা নাইট রাইডার্স আজ সানরাইজার্স হায়দ্রাবাদের সঙ্গে খেলবে।

*************************************************************

লোকসভা নির্বাচনের পঞ্চম দফায় দেশের ৪৯ টি আসনে শেষ খবর পাওয়া পর্যন্ত গড়ে ভোট পড়েছে ৬০ দশমিক ৪/৮ শতাংশ।

এর মধ্যে এরাজ্যেই সবচেয়ে বেশি ৭৬ দশমিক ০/৫ শতাংশ ভোট পড়েছে বলে খবর। রাজ্যের ৭ টি আসনের মধ্যে সর্বাধিক ভোট দানের হার রেকর্ড করা হয়েছে হুগলীর আরামবাগে- ৭৯ দশমিক ৫ শতাংশ। এছাড়া বনগাঁয় ৭৮ দশমিক ০/১, হুগলীতে ৭৭ দশমিক ৮/৪, উলুবেড়িয়ায়-৭৭ দশমিক ৭/৪ এবং শ্রীরামপুরে ৭৪ দশমিক ৯/৯ শতাংশ ভোট পড়ার খবর মিলেছে। ব্যারাকপুরে ৭২ দশমিক ৬/৬ এবং হাওড়ায় ৭০ দশমিক ৮/৫ শতাংশের মতো ভোট পড়েছে বলে কমিশন সূত্রের খবর।

বিক্ষিপ্ত কয়েকটি ঘটনা ছাড়া মোটের ওপর ভোট পর্ব শান্তিপূর্ণ ছিল বলে নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাব বলেছেন, বিভিন্ন ঘটনায় রাজ্য মোট ৯০ জনকে গ্রেপ্তার করা হয়েছে।

( বাইট- আরিজ আফতাব )

পঞ্চম দফা ভোটে গতকাল বিভিন্ন এলাকা থেকে বিক্ষিপ্ত অশান্তির খবর পাওয়া গেছে।

হাওড়া কেন্দ্রের বিজেপি প্রার্থী রথীন চক্রবর্তী দক্ষিণ হাওড়ার কয়েকটি বুথে ওয়েবকাস্টিং ক্যামেরা খোওয়া যাওয়ার অভিযোগ তুলেছেন। দিনের শেষে সেখানে ৯০ শতাংশের মতো ভোট পড়েছে বলে জানা গেছে। বিষয়টি খতিয়ে দেখে যথাযথ ব্যবস্থা নেওয়ার জন্য দল নির্বাচন কমিশনের দ্বারস্থ হচ্ছে বলে জানা গেছে।

উত্তর ২৪ পরগনার খড়দা বিধানসভা অঞ্চলে গতকাল বিকেলে CPIM নেতা সুজন চক্রবর্তীর প্রচারে শাসক দলের বাধা দেওয়ার অভিযোগকে কেন্দ্র করে এলাকা রণক্ষেত্রের রূপ নেয়। রহড়া থানায় অভিযোগ জানাতে গেলে

সুজনবাবুকে ‘গো ব্যাক’ স্লোগান দেয় তৃণমূল কংগ্রেস কর্মীরা। এরপরই দু’পক্ষের মধ্যে হাতাহাতি বাধে। পুলিশের উচ্চ পদস্থ আধিকারিকরা পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন।

ব্যারাকপুর লোকসভা কেন্দ্রের অধীন টিটাগড়ের বিজেপি প্রার্থী অর্জুন সিংকে গতকাল সকালে কালো পতাকা দেখিয়ে গো ব্যাক স্লোগান দেওয়া হলে পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। আমডাঙায় ভোট দিয়ে ফেরার পথে দুষ্কৃতীদের হামলায় এক CPIM কর্মী গুরুতর জখম হয়েছেন। অভিযোগের তীর শাসক দলের দিকে।

হুগলীর ধনিয়াখালিতে হুগলী কেন্দ্রের বিজেপি প্রার্থী লকেট চট্টোপাধ্যায় এবং তৃণমূল কংগ্রেস বিধায়ক অসীমা পাত্র সামনাসামনি চলে এলে স্লোগান-পাল্টা স্লোগানে পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে।

এর আগে হাওড়ার লিলুয়ায় ১৭৬ নম্বর বুথের প্রিসাইডিং অফিসার গৌতম মান্নাকে চড় মারার ঘটনায় সাময়িকভাবে ভোট প্রক্রিয়া বন্ধ হয়ে যায়। এই ঘটনায় তাঁর বিরুদ্ধে শ্লীলতাহানির অভিযোগ ওঠায় প্রিসাইডিং অফিসারকে সরিয়ে দেয় নির্বাচন কমিশন।

********************

নির্বাচন কমিশন, পশ্চিম মেদিনীপুরের পুলিশ সুপার ধৃতিমান সরকারকে সরিয়ে দিয়েছে। রাজ্যের মুখ্য সচিবকে লেখা এক চিঠিতে কমিশনের সচিব রাকেশ কুমার জানিয়েছেন, তাঁকে নির্বাচন সংক্রান্ত কোনোরকম দায়িত্ব দেওয়া যাবে না। অবিলম্বে এই নির্দেশ কার্যকর হয়েছে। তাঁর জায়গায় নতুন পুলিশ সুপার নিয়োগ করার জন্য আজ বেলা ১’টার মধ্যে তিনজন যোগ্য অফিসারের নামের তালিকা কমিশনকে পাঠাতে বলা হয়েছে।

এদিকে কমিশন, পুরুলিয়ার পুলিশ সুপার হিসেবে আশিস মৌর্য্যকে এবং পূর্ব মেদিনীপুরের SDPO পদে আজারুদ্দিন খানকে নিয়োগের কথা জানিয়েছে।

তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়, মেদিনীপুরের পুলিশ সুপারকে সরানোর সমালোচনা করেছেন।

********************

রামকৃষ্ণ মিশন ও হিন্দু সাধু সন্ন্যাসীদের নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির সাম্প্রতিক মন্তব্যকে ঘিরে, রাজনৈতিক চাপান-উতোর তুঙ্গে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল ঝাড়গ্রামে এক নির্বাচনী র‍্যালিতে যোগ দিয়ে অভিযোগ করেন, রাজ্যে শাসক তৃণমূল কংগ্রেস ভোট ব্যাঙ্কের জন্য সংখ্যালঘু তোষণ করছে। মুখ্যমন্ত্রীর মন্তব্যের পরেই রামকৃষ্ণ মিশনের জলপাইগুড়ি শাখায় দুষ্কৃতীরা হামলা চালিয়েছে বলে তাঁর দাবী।

(বাইট- মোদী মিশন )

যদিও মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি অবশ্য এব্যাপারে তাঁর অবস্থান স্পষ্ট করে দিয়েছেন। বাঁকুড়ার ওন্দায় এক নির্বাচনী প্রচার সভায় যোগ দিয়ে মুখ্যমন্ত্রী বলেন, তিনি রামকৃষ্ণ মিশনের বিরুদ্ধাচারণ করছেন না। তবে কার্তিক মহারাজের রাজনৈতিক ভূমিকা নিয়ে ফের একবার আপত্তি জানান মুখ্যমন্ত্রী।

(বাইট- মমতা ৫-১০)

অন্যদিকে, প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরী, পরোক্ষে মুখ্যমন্ত্রীর দাবীকে সমর্থন করেছেন।

(বাইট- অধীর চৌধুরী ৭-৫০)

এদিকে, ঐ মন্তব্যের জন্য মুখ্যমন্ত্রীকে মানহানির আইনী নোটিশ পাঠিয়েছেন, মুর্শিদাবাদের ভারত সেবাশ্রম সংঘের সেক্রেটারি স্বামী প্রদীপ্তানন্দ, যিনি কার্তিক মহারাজ হিসাবেই বেশি পরিচিত। তাঁর তরফে আইনজীবীর পাঠানো চিঠিতে মুখ্যমন্ত্রীর আনা সমস্ত অভিযোগ অস্বীকার করা হয়েছে। নোটিশ পাওয়ার ৪৮ ঘন্টার মধ্যে মুখ্যমন্ত্রীকে সাংবাদিক বৈঠক ডেকে নিঃশর্ত ক্ষমা প্রার্থনা এবং বিবৃতি প্রত্যাহার এবং এই ধরনের মন্তব্য

করা থেকে বিরত থাকার আবেদন করা হয়েছে। চিঠি পাওয়ার ৪ দিনের মধ্যে জবাব না পেলে তাঁর মক্কেল ফৌজদারি মামলা সহ পরবর্তী পদক্ষেপের কথা ভাববেন বলেও  চিঠিতে জানিয়েছেন আইনজীবী।

*******************

বিজেপির বিতর্কিত নির্বাচনী বিজ্ঞাপন নিয়ে দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদারকে শোকজ করেছে কমিশন। আজ বিকেল ৫টার মধ্যে তাঁকে এর জবাব দিতে হবে। গতকাল এই বিজ্ঞাপনের ওপর অন্তর্বর্তী স্থগিতাদেশ দেয় কলকাতা হাইকোর্ট। আপাতত আর কোনো সংবাদমাধ্যমে এই বিজ্ঞাপন দেওয়া যাবে না বলে আদালত স্পষ্ট জানিয়েছে। বিচারপতি সব্যসাচী ভট্টাচার্য্য গতকাল এই অন্তর্বর্তী স্থগিতাদেশ দিয়ে বলেন, বিজ্ঞাপন নিয়ে তৃণমূল কংগ্রেসের অভিযোগের ভিত্তিতে, নির্বাচন কমিশনের আরও আগে পদক্ষেপ করা উচিৎ ছিল।

উল্লেখ্য, বিজেপির ঐ বিজ্ঞাপন নিয়ে কমিশনের কাছে আপত্তি জানায় তৃণমূল কংগ্রেস। কিন্তু কমিশন প্রথমে কোনো ব্যবস্থা নেয়নি বলে অভিযোগ। এরপর আদালতের দ্বারস্থ হয় দল।

*******************

প্রায় সাড়ে ৭ বছর জেল হেফাজতে থাকার পর জলপাইগুড়ির শিশু পাচার কান্ডের মূল অভিযুক্ত ‘নর্থ বেঙ্গল পিপলস ডেভেলপমেন্ট সেন্টারে’র চেয়ারপার্সন চন্দনা চক্রবর্তী জামিন পেয়েছেন।

গতকাল কলকাতা হাইকোর্টের জলপাইগুড়ির সার্কিট বেঞ্চের বিচারপতি জয়মাল্য বাগচী এবং বিচারপতি অজয় কুমার গুপ্তার ডিভিশন বেঞ্চ তাঁর জামিন মঞ্জুর করেন। তবে, মূল মামলার জামিন হলেও  আজ জেলা আদালতে আরো একটি মামলার শুনানি রয়েছে।

উল্লেখ্য, ২০১৬ সালে সেন্ট্রাল অ্যাডোপশন রিসোর্স অথরিটির (কারা) অধীন বিমলা শিশু গৃহ থেকে ১৭টি শিশুকে অবৈধভাবে দত্তক দেওয়ার অভিযোগ

ওঠে চন্দনার বিরুদ্ধে। ২০১৭ সালের জানুয়ারি মাসের মাঝামাঝি থেকে তদন্ত শুরু করে সি,আই,ডি। ওই বছরই ফেব্রুয়ারি মাসে গ্রেপ্তার হয় সে। তার সঙ্গেই আরো ৬'জনকে ওই ঘটনায় গ্রেপ্তার করা হয়েছিল।

********************

উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের এক গবেষক পড়ুয়া ববিতা দত্তের রহস্যজনক মৃত্যুকে ঘিরে গতকাল বিশ্ব বিদ্যালয় চত্ত্বর উত্তপ্ত হয়ে ওঠে।

বিভাগীয় প্রধান এবং রামকৃষ্ণ হস্টেলের সুপার সিদ্ধার্থ শংকর লাহার গ্রেফতারের দাবীতে অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদ-ABVP সমর্থকরা প্রশাসনিক ভবনের সামনে টায়ার জ্বালিয়ে বিক্ষোভ প্রদর্শন করে।

তাঁদের দাবী, ববিতা দত্ত আত্মহত্যা করেনি, তাঁকে খুন করে ঝুলিয়ে দেওয়া হয়েছে। তবে, ববিতার ঘর থেকে একটি সুইসাইড নোট উদ্ধার হয়েছে বলে জানা গেছে। যদিও তাঁর ভাই মাটিগাড়া থানায় সিদ্ধার্থ শংকরের বিরুদ্ধে সহবাস, বিয়ের প্রতিশ্রুতি এবং হুমকি দেওয়ার অভিযোগ দায়ের করেছেন।

উল্লেখ্য, ১৭'ই মে ওই ব্যক্তিকে ববিতার ঘর থেকে বেরিয়ে যেতে দেখা যায়। এর এক ঘন্টার মধ্যেই উদ্ধার হয় মৃতদেহ। তারপর থেকেই সে পলাতক।

********************

হুগলীর শ্রীরামপুর থানা এলাকার দিল্লি রোডে গতকাল ইন্ডাস্ট্রিয়াল বেল্টের মধ্যে থাকা অনেকগুলি কাপড়ের গুদামে বিধ্বংসী আগুন লাগে। আগুনের তীব্রতা এতোটাই ছিল যে, রিষড়া- কোন্নগর থেকেও তার শিখা দেখা যায়। দমকলের ১৫টি ইঞ্জিন ১১ ঘন্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে এনেছে।

এখন ডাম্পিং ডাউন চলছে। হতাহতের খবর না থাকলেও, বহু আর্থিক ক্ষতি হয়েছে বলে জানা যাচ্ছে।

********************

গাঙ্গেয় পশ্চিমবঙ্গ ও পার্শ্ববর্তী এলাকায় সৃষ্ট ঘূর্ণাবর্তের প্রভাবে রাজ্যের সর্বত্রই ঝড়-বৃষ্টির অনুকূল পরিবেশ তৈরী হয়েছে। আজ ও আগামীকাল দক্ষিণবঙ্গের জেলাগুলিতে জারি হয়েছে হলুদ সতর্কতা, সেই সঙ্গে ঘন্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বয়ে যাবে। আগামীকাল দক্ষিণ-পশ্চিম বঙ্গোপসাগরে নিম্নচাপের সৃষ্টি হতে পারে। সেটি আরো উত্তর পূর্ব দিকে অগ্রসর হয়ে শুক্রবার গভীর নিম্নচাপে পরিণত হবে। এর ফলে পশ্চিমবঙ্গের প্রায় সব জেলাতেই বজ্র-বিদ্যুৎ সহ ঝড়-বৃষ্টির পূর্বাভাস রয়েছে।

মৎসজীবিদের বৃহস্পতিবার ২৩শে মে থেকে মধ্য বঙ্গোপসাগর এবং ২৪শে মে থেকে উত্তর বঙ্গোপসাগর পাড়ি না দেওয়ার পরামর্শ দেওয়া হয়েছে। যারা ইতমধ্যেই সমুদ্রে রয়েছেন, তাদের ২৩ তারিখের মধ্যে ফিরে আসার নির্দেশ দেওয়া হয়েছে।

এদিকে, বৃষ্টির ফলে তাপমাত্রা সামান্য কমেছে।
আজ সকালে কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৫ দশমিক ৯ ডিগ্রি সেলসিয়াস। স্বাভাবিকের চেয়ে যা এক ডিগ্রি কম। গতকালের সর্ব্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৫ দশমিক চার।

********************

IPL –এর প্লে অফ পর্বের ম্যাচ আজ শুরু হবে। কলকাতা নাইট রাইডার্স প্রথম দিনে আমেদাবাদের নরেন্দ্র মোদি ষ্টেডিয়ামে প্রথম কোয়ালিফাযার ম্যাচে সানরাইজার্স হায়দ্রাবাদের বিরূদ্ধে খেলবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

**********************************************************